

**মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৫-১৬ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদনে উল্লেখিত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ সংশ্লিষ্ট অর্জনসমূহ।**

- (১) আইএমইডি কর্তৃক ২০১৫-১৬ অর্থ-বছরে জুন, ২০১০৬ মাস পর্যন্ত পরিদর্শন সংখ্যা ৯৭৭টি। ইতোমধ্যে ৯০৩ (৯২.৪২ শতাংশ)টি পরিদর্শন প্রতিবেদন জারি করা হয়।
- (২) প্রতিবেদনাদীন ২০১৫-১৬ অর্থ-বছরে আউটসোর্সিংয়ের মাধ্যমে ১৮টি প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation) সমীক্ষা এবং ১৫টি চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম সম্পন্ন করা হয়। সমীক্ষার প্রাপ্ত সুপারিশগুলি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহে প্রেরণ করা হয়।
- (৩) জাতীয় সংসদের ফ্লোরে মন্ত্রিসভায় মাননীয় সদস্যগণ কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতির বাস্তবায়ন এবং উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য জাতীয় সংসদের সরকারি প্রতিশ্রুতি কমিটি কর্তৃক ২০১৫-১৬ অর্থ-বছরে অনুষ্ঠিত সভাসমূহে আইএমইডি কর্তৃক প্রণীত কার্যপত্র সরবরাহ করা হয়।
- (৪) ২০১৪-২০১৫ অর্থ-বছরে এডিপি বাস্তবায়ন পর্যালোচনা প্রতিবেদন প্রণয়নপূর্বক তা এনইসি সভায় উপস্থাপন করা হয়।
- (৫) ২০১৫-১৬ অর্থ-বছরে এডিপিভুক্ত প্রকল্পের মন্ত্রণালয়/বিভাগভিত্তিক মাসিক বাস্তবায়ন অগ্রগতি আইএমইডি'র ওয়েবসাইটে ([www.imed.gov.bd](http://www.imed.gov.bd)) নিয়মিত প্রকাশ করা হয়।
- (৬) ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন করা হয়। তথ্য অধিকার আইন-২০০৯ এর আওতায় বিভিন্ন সংস্থা/সাংবাদিককে তথ্য প্রদান করা হয়।
- (৭) জাতীয় সংসদ সদস্যদের জন্য প্রশ্নোত্তর প্রণয়ন করে তা জাতীয় সংসদে প্রেরণ করা হয়।
- (৮) মন্ত্রিসভা বৈঠকের ১৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা সংশোধন ও হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়। পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) বিল, ২০১৬ মহান জাতীয় সংসদে উত্থাপিত হয়। বিলটি বর্তমানে অধিকতর পরীক্ষা নিরীক্ষার জন্য পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে রয়েছে।
- (৯) দেশের সকল সরকারি ক্রয় ই-জিপিতে অন্তর্ভুক্ত করার নিমিত্তে পর্যাপ্ত ক্ষমতা সম্পন্ন নতুন ডাটাসেন্টার ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয় এবং সরবরাহকারী/স্থাপনকারীর সঙ্গে চুক্তি সম্পাদিত হয়।